

যুবদের জাগরণ, বাংলাদেশের উন্নয়ন'  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮, মতিঝিল বা/ এ, ঢাকা-১০০০।


স্মারক নং- ৩৪.০১.০০০০.০২৬.৪৯.০৯৪.১৭-৩০

২৪ মাঘ, ১৪২৪  
তারিখ: -----  
০৬ ফেব্রুয়ারি, ২০১৮

বিষয় : যুব সংগঠনের অংশগ্রহণে প্রশিক্ষণ কর্মশালা আয়োজন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তরের সার্বিক কার্যক্রম যুবসংগঠনসমূহের সমন্বয়ে /অংশগ্রহণে পরিচালনা করার নির্দেশনা থাকলেও যুবসংগঠনগুলোর সাথে যথাযথ যোগাযোগ রক্ষা হচ্ছে না। যুব সংগঠন যুব কার্যক্রমের প্রাণ, তাই যুবসংগঠনসমূহের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা, একই সাথে যুব সংগঠনগুলোকে আরো উজ্জীবিত করার লক্ষ্যে ২০১৭-২০১৮ অর্থবছরের যুব সংগঠনের অংশগ্রহণে ০৪টি বিভাগীয় প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। সেমতে বরিশাল বিভাগীয় প্রশিক্ষণ কর্মশালাটি বরগুনা জেলায় আগামী ১১ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখ অনুষ্ঠিত হবে। উক্ত কর্মশালায় বরিশাল বিভাগের অধীন ১০০টি যুবসংগঠনের সভাপতি/সাধারণ সম্পাদক অংশগ্রহণ করবেন। এক্ষেত্রে প্রতিটি জেলা হতে ১৫টি যুব সংগঠনের সভাপতি/সম্পাদক (নিবন্ধিত/স্বীকৃতিপ্রাপ্ত সংগঠন হতে) ও সংশ্লিষ্ট জেলার উপ-পরিচালক ০৫ জন এবং অবশিষ্ট ০৫টি যুব সংগঠনের একইরূপ প্রতিনিধি বরগুনা জেলা হতে পূরণযোগ্য। সে লক্ষ্যে উক্ত কর্মশালা সফলভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, কর্মশালার বরাদ্দ তাঁর জেলা বরাবর যথাসময়ে প্রেরণ করা হবে।

  
মোঃ আনোয়ার হোসেন  
মহাপরিচালক  
ফোন: ০২-৯৫৫৯৩৮৯।

উপ-পরিচালক  
যুব উন্নয়ন অধিদপ্তর  
বরগুনা

বিতরণ :

- ০১। উপ-পরিচালক(অর্থ ও অডিট), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, বরিশাল/ভোলা/পিরোজপুর/পটুয়াখালী/ঝালকাঠি জেলা। তাঁকে আগামী ১১ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখ বরগুনা জেলায় অনুষ্ঠিতব্য কর্মশালায় ১৫টি যুব সংগঠনের সভাপতি/সাধারণ সম্পাদকের উপস্থিতি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
- ০৩। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বরগুনা।
- ০৪। অফিস কপি।